# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩০৯৮

তারিখ: ১০/০২/২০২৫

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ, কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন ও পত্রকোড এন্ট্রি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS** (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

### ২য় রিলিজ স্লিপে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Degree Pass Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে। | ১৩/০২/২০২৫<br>থেকে<br>২০/০২/২০২৫ |
| ২) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ১৬/০২/২০২৫<br>থেকে<br>২৩/০২/২০২৫ |
| ৩) | কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ১৬/০২/২০২৫<br>থেকে<br>২৪/০২/২০২৫ |
| ৪) | কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Degp.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৫/০২/২০২৫<br>থেকে<br>০৩/০৩/২০২৫ |
| ৫) | <u>পত্রকোড এন্ট্রি</u><br>২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের কোর্সভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Paper Code Entry** অপশন থেকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সের জন্য প্রযোজ্য কোর্সভিত্তিক সিলেবাস অনুসরণ করে সঠিক পত্রকোড এন্ট্রি দিতে হবে।<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ০৩/০৩/২০২৫<br>থেকে<br>১৫/০৪/২০২৫ |

১০.০২.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/একা:/২০১৮/অংশ-২/৩০৯৮

তারিখ: ১০/০২/২০২৫

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯। অফিস কপি

১০.০২.২০২৫

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ইমেইল: *degpassnu@gmail.com*